

ডি ১ উপ-ইউনিট ভর্তি পরীক্ষা ২০১৮

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ : ০১.১১.২০১৮

ভর্তি বিজ্ঞপ্তি

ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি প্রার্থীদের জ্ঞাতব্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩১-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডি-১ উপ-ইউনিটের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের (সাধারণ আসন এবং বিভিন্ন কোটায়) ব্যবহারিক পরীক্ষা (ফিল্ড টেস্ট+সনদ মূল্যায়ন) আগামী ০৬-১১-২০১৮ইং তারিখ (মঙ্গলবার) সকাল ৯.০০ টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে। সাধারণ এবং কোটার আসনে ভর্তি প্রার্থীদের অবশ্যই ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ব্যবহারিক পরীক্ষার পূর্বে উভয় ভর্তি প্রার্থীদের রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাপট (অগ্রণী ব্যাংকের যে কোন শাখা কর্তৃক ইস্যুকৃত) ব্যবহারিক পরীক্ষার দিন (০৬-১১-২০১৮) আইন অনুযায়ী কার্যালয়ে জমা দিতে হবে। সাধারণ এবং কোটার ভর্তি প্রার্থীরা যে খেলার পরীক্ষায় অংশগ্রহণ করবে সে খেলার উপযোগী পোষাক, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, পাসপোর্ট সাইজের তিন কপি ছবি এবং একাডেমিক ও খেলাধুলায় অর্জিত সকল সার্টিফিকেটের মূলকপিসহ যথাসময়ে খেলার মাঠে উপস্থিত হয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বলা হচ্ছে। শুধুমাত্র ডি ১ উপ-ইউনিটের লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও সার্টিফিকেট মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী নির্দিষ্ট তারিখে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে উপস্থিত হয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে তাঁর ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ভর্তি প্রার্থীদের নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়েল ওয়েবসাইট থেকে (E-mail: admission@cu.ac.bd.) সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য বলা হচ্ছে।



(প্রফেসর এ বি এম আর নোমান)

ডিন, আইন অনুষদ

ও

কো-অর্ডিনেটর, ডি ১ উপ-ইউনিট ভর্তি কমিটি- ২০১৮

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মাননীয় উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ২। মাননীয় উপ-উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৩। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৫। সভাপতিবৃন্দ, সমাজ বিজ্ঞান, আইন, ব্যবসায় প্রশাসন, শিক্ষা অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীব বিজ্ঞান অনুষদভুক্ত মনোবিজ্ঞান / ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৬। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৭। কো-অর্ডিনেটর, আই সি টি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ৮। ডেপুটি রেজিস্ট্রার, তথ্যা ও ফটোগ্রাফী শাখা, চ. বি. (বিভিন্ন আঞ্চলিক ও জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ১০। বিজ্ঞপ্তি ফলক, আইন অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।